

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫২০(আগরতলা, ৮।৩)
বিলোনীয়া, ০৮ মার্চ, ২০১৯

শচীন দেববর্মন অডিটোরিয়াম ও ছাত্রাবাসের উদ্বোধন

সব অংশের মানুষের বিকাশের লক্ষ্যে সরকার কাজ করছে : মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ এক অনুষ্ঠানের মাধ্যমে বিলোনীয়ায় ১১৫২ আসন বিশিষ্ট শচীন দেববর্মন অডিটোরিয়ামের দ্বারোদঘাটন করেন। দ্বারোদঘাটন করে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, ত্রিপুরার গর্ব ও অহংকার বিখ্যাত সঙ্গীত শিল্পী কুমার শচীন দেববর্মনের নামে এই অডিটোরিয়ামের নাম রাখতে পেরে রাজ্যবাসী গর্বিত। তিনি আন্তর্জাতিক নারী দিবসে নারীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন সীতা, অহল্যা, লক্ষ্মীবাই, মাতঙ্গিনী হাজারার মতো হাজারো বিদুষী রমনীর জন্ম এই দেশে। নারীদের অসম্মান করে রাবন ও কৌরব বংশ ধবংশ হয়েছে। ভারত সরকার মহিলা স্বশক্তিকরণের জন্য নানা কর্মসূচি ঘোষণা করেছে। মহিলাদের অধিকার প্রতিষ্ঠা করেছে। তাই কেন্দ্রীয় সরকারের সঙ্গে সাসূচ্য রেখে এই রাজ্যেও নারীদের নামেই বাসগৃহ, শৌচালয়, উজ্জ্বলা যোজনায় রান্নার গ্যাসের সংযোগ, সৌভাগ্য যোজনায় বিদ্যুতের সংযোগ দেওয়া হচ্ছে। নতুন সরকার ত্রিপুরায় প্রতিষ্ঠিত হওয়ার পর মাত্র ১ বছরের মধ্যে উজ্জ্বলা যোজনায় বিনামূল্যে ২ লক্ষ, ১৫ হাজার রান্নার গ্যাসের সংযোগ দেওয়া হয়েছে। কারণ আমরা চাই স্বনির্ভর মহিলা সমাজ। সরকার সবকা সাথ সবকা বিকাশের দিশায় কাজ করছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায় নারী নির্যাতনের হার আগের চেয়ে অনেক কমেছে।

কাশ্মীরের পুলওয়ামা কাণ্ডের তীব্র নিন্দা করে মুখ্যমন্ত্রী বলেন, পাকিস্তান আমাদের সৈন্যদের নৃশংস হত্যা করে কাপুরুষের মতো কাজ করেছে। কিন্তু আমাদের দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশে পাকিস্তানে ঢুকে উগ্রপন্থী ঘাটি ধবংস করে বীর সৈন্যরা এর জবাব দিয়েছে। পাকিস্তান দুই দিনের মধ্যে অভিনন্দনকে ভারতে ফেরত দিতে বাধ্য হয়েছে। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে দেশভক্ত, মাতৃভক্ত বলে আখ্যায়িত করেন। তিনি সেনাবাহিনীর বীরত্বকে শ্রদ্ধা জানিয়ে বলেন, দেশদ্রোহীদের কোনও স্থান নেই ভারতে। নতুন ভারত তৈরী করবেন মোদি। তিনি বলেন, ৩ বছরের মধ্যে ত্রিপুরাকে মডেল রাজ্য হিসেবে গড়ে তোলার দিশায় সরকার কাজ করছে। তিনি বলেন, ক্যাবিনেটের প্রত্যেকটি সিদ্ধান্ত এখন মানুষের কাছে পৌঁছায়। এই সরকার ৩৭ লক্ষ মানুষের সরকার। এই সরকার মহারাজা বীর বিক্রমের আদর্শকে তুলে ধরছে। নেশামুক্ত ত্রিপুরা গঠন করার লক্ষ্যে কাজ করছে এই সরকার। তিনি সকলকে সদভাবনা নিয়ে কাজ করার আহ্বান জানান।

*****২য় পাতায়

(২)

অনুষ্ঠানে বিশেষ অতিথির ভাষণে উপজাতি কল্যাণ মন্ত্রী মেবার কুমার জমাতিয়া বলেন, ত্রিপুরার ইতিহাস, ঐতিহ্য সকলকে রক্ষা করতে হবে। তিনি বলেন, জাতি-জনজাতি সকলের বিকাশ আমরা এক সঙ্গে করতে চাই। আমরা একসঙ্গে উন্নয়ন কাজে হাত মেলাবো, এই মানসিকতায় সবাইকে গড়ে তোলার কথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ বিলোনীয়া উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ১০০ শয্যা বিশিষ্ট একটি উপজাতি ছাত্রী নিবাস এবং ব্রজেন্দ্র কিশোর ইনস্টিটিউশনের ১০০ শয্যা বিশিষ্ট উপজাতি ছাত্রাবাসেরও উদ্বোধন করেন। উপজাতি কল্যাণ দপ্তর থেকে ৯ কোটি ৮০ লক্ষ টাকা ব্যয়ে এই ২টি ছাত্রাবাসের পাকা বাড়ি নির্মাণ করা হয়েছে। শচীন দেববর্মন অডিটোরিয়াম নির্মাণ করা হয়েছে ২৪ কোটি ৯০ লক্ষ টাকা ব্যয়ে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক। এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক শংকর রায় ও বিধায়ক প্রমোদ রিয়াং। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন শুক্লা দেব সরকার। অনুষ্ঠানে বিশিষ্ট ঠিকাদার শিবু সাহা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ২ লক্ষ টাকা দান করেন।
